যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটির দ্বি-মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি	:	**জনাব মকছুদুল হক চুট্টু,** ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চকরিয়া।
সভার স্থান	:	ভাইস চেয়ারম্যানের কার্যালয়, চকরিয়া, কক্সবাজার।
সভার তারিখ ও সময়	:	০৬/০৭/২০২১খ্রি: সকাল : ১১.০০ ঘটিকা।
সভায় উপস্থিতি	:	পরিশিষ্ট 'ক'তে সন্নিবেশিত (স্বাক্ষরের ক্রমানুসারে)

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটির সদস্য-সচিবকে সভার আলোচ্যসূচি নিয়ে আলোকপাত করার জন্য অনুরোধ করেন। অতঃপর সদস্য-সচিব সভাকে নিম্নবর্ণিত আলোচ্যসূচির উপর আলোকপাত করেন।

০১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ঃ

যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটির বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। সভায় উপস্থিত ০৭ জনের মধ্যে ০৭ জনই পক্ষে মত দেয়ায় ১০০% ভোটে সিদ্ধান্ত গৃহিত হয়। সভায় নিম্নলিখিত বিষয়ে আলোচনা ও সুপারিশ সমূহ গৃহিত হয়।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত
১.	স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর ঃ উপজেলা প্রকৌশলী, এলজিইডি, চকরিয়া সভাকে জানান যে, চলতি অর্থ বছরে এডিপি প্রকল্পের আওতায় চলমান কাজের গড় অগ্রগতি ১০০% ও ইউডিএফ প্রকল্প চলমান কাজের গড় অগ্রগতি ৯০% সমাপ্ত হয়েছে। কোনাখালী ইউ পি চেয়ারম্যান সভা কে জানান যে, কোনাখালী ও বদরখালী সংযোগ সড়ক বেড়ীবাঁধ সংস্কার না হওয়ার কারণে কোন ধরনের রাস্তা মেরামতের প্রাক্কলন করা সম্ভব হচ্ছে না এবং বেড়ীবাঁধ সংস্কার হলে উক্ত রাস্তায় প্রকল্প গ্রহন করা হবে। ইউপি চেয়ারম্যান আরও জানান যে, কোনাখালী-ঢেমুশিয়া লাল ব্রীজটি এলজিইডি'র বাস্তবায়নের জন্য সভাকে অবহিত করেন। অত্র দপ্তরের অন্যান্য কায্যক্রম যাথাযথ ভাবে চলমান আছে।	নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ সমাপ্ত করায় সংশ্লিষ্ট কর্মকর্তাকে ধন্যবাদ জ্ঞাপন করেন। কোনাখালী ও বদরখালী সংযোগ সড়ক বেড়ীবাঁধ সংস্কার করার জন্য পানি উন্নয়ন বোর্ড, কক্সবাজারকে পত্র প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হয় এবং কোনাখালী-ঢেমুশিয়া লাল ব্রীজটি এলজিইডি'র বাস্তবায়নের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষকে পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।
২.	ত্রাণ বিভাগ ঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চকরিয়া সভাকে জানান যে, চলতি অর্থ বছরে গ্রামীন অবকাঠামো সংস্কার নন সোলার প্রকল্পের ৫৮০.৫৮ মে:টন খাদ্যশস্য এবং সোলার খাতে ১,৯৩,৫৩,৮৪৫/৫৪ টাকার বরাদ্দ পাওয়া যায়। গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ(টিআর) নন সোলার প্রকল্পে ১,৫৯,৭৭,০০২/- টাকা এবং সোলার খাতে ১,৫৪,০৬,১৪২/- টাকা বরাদ্দ পাওয়া যায়। উক্ত বরাদ্দের গৃহীত প্রকল্পের কাজ ১০০% সমাপ্ত করা হয়েছে। ২টি এইচবিবি প্রকল্প ও ৫টি সেতু নির্মানের কাজ ১০০% সম্পন্ন হয়েছে এবং ২টি বহুমূখী ঘূর্ণিঝড় আশ্রয়ণ কেন্দ্রের প্রকল্পের কাজ চলমান আছে।	নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ সমাপ্ত করায় সংশ্লিষ্ট কর্মকর্তাকে ধন্যবাদ জ্ঞাপন করেন। এবং বহুমূখী ঘূর্ণিঝড় আশ্রয় কেন্দ্র নির্মান প্রকল্পের কাজ নির্ধারিত সময়ের মধ্যে শেষ করার জন্য সংশ্লিষ্টদেরকে নির্দেশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।
৩.	উপজেলা সমবায় অফিস ঃ উপজেলা সমবায় অফিসার, চকরিয়া সভাকে জানান যে, মাননীয় প্রধানমন্ত্রীর "আমার গ্রাম আমার শহর" সার্বিক গ্রাম উন্নয়ন (৩য় পর্যায়) " মার্চ/১৯ হতে সমবায় সমিতির কার্য্যক্রম শুরু হয়েছে। সার্বিক গ্রাম উন্নয়ন প্রকল্পের অধীনে নিবন্ধান প্রাপ্ত ৬০টি প্রাথমিক সমবায় সমিতির কার্যাক্রম নিয়মিত মনিটরিং করত: উন্নতি ঘটনা হচ্ছে। উপজেলাধীন সকল আশ্রয়ণ প্রকল্পের মোট ঋণ আদায় ৩২,০০০/- টাকা। আগামী মাসে ফাইতং আশ্রয়ণ প্রকল্পে ৩,০০,০০০/- টাকা ঋণ প্রদানের ব্যবস্থা গ্রহন করা হয়েছে। দাপ্তরিক কার্যাদি নিয়মমাফিক সম্পাদন করা হচ্ছে।	আশ্রয়ন প্রকল্পের ঋণ আদায় হার বাড়ানোর জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।
৪.	যুব উন্নয়ন অধিদপ্তর ঃ চলতি অর্থ বছরের বেকার যুব জনগোষ্টির আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন আয়বর্ধন মূলক ট্রেডে প্রশিক্ষণ প্রদান করে ঋণ বিতরন কার্য্যক্রম অব্যহত আছে। দপ্তরের অন্যান্য কার্যাক্রম সন্তোষজনক ভাবে চলমান আছে বলে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে অবহিত করেন।	বেকার যুব সমাজকে আত্মনির্ভরশীল করে গড়ে তোলার লক্ষ্যে নিয়মিত প্রশিক্ষণ কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

চলমান পাতা # ২

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মকছুদুল হক চুট্টু)
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, চকরিয়া, কক্সবাজার।
ও
সভাপতি
যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটি,
চকরিয়া, কক্সবাজার।

স্মারক নং : ৪৬.০২.২২১৬.০০০.২৫.০০৩.২০২১- ২০৫

তাং : ০৬/০৭/২০২১খ্রিঃ

অনুলিপি ঃ সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হল।

০১. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৯৪ নির্বাচনী এলাকা, বাংলাদেশ জাতীয় সংসদ, কক্সবাজার-১।
০২. জেলা প্রশাসক, কক্সবাজার।
০৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চকরিয়া।
০৪. উপজেলা নির্বাহী অফিসার, চকরিয়া।
০৫. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চকরিয়া।
০৬. সংরক্ষণ নথি।

জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ
২-৪) জনাব ....
৫-৬) চেয়ারম্যান ....ইউনিয়ন পরিষদ।

06.07.21

(কমল কান্তি পাল)
উপজেলা প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
চকরিয়া, কক্সবাজার।
ও
সদস্য সচিব
যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটি
চকরিয়া, কক্সবাজার।

পরিশিষ্ট- "ক"

চকরিয়া উপজেলার যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটির

দ্বি-মাসিক সভায় উপস্থিতির স্বাক্ষর ঃ

তারিখ : ০৬/০৭/২০২১খ্রিঃ, রোজঃ মঙ্গলবার, সকাল : ১১.০০ ঘটিকা।

ক্র:নং	নাম ও পদবী	মোবাইল	স্বাক্ষর
০১.	**জনাব মকছুদুল হক ছুট্টু,** ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চকরিয়া ও সভাপতি, যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন স্থায়ী কমিটি।	০১৮২০-৩৪৭৩৫৪	
০২.	**জনাব মোহাম্মদ মাসুদুর রহমান,** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চকরিয়া ও সদস্য, যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন স্থায়ী কমিটি।	০১৭২০-২৪০৪৮১	
০৩.	**জনাব এম.এ মান্নান,** উপজেলা সমবায় কর্মকর্তা, চকরিয়া ও সদস্য, যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন স্থায়ী কমিটি।	০১৮১৮-১০৩৯৭৩	
০৪.	জনাব মোহাম্মদ মাহাবুবুর রহমান, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (অ:দা:), চকরিয়া ও সদস্য, যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন স্থায়ী কমিটি।	০১৮১৯-৮৪৭৯০৭	
০৫.	জনাব আজিমুল হক আজিম, চেয়ারম্যান, সুরাজপুর-মানিকপুর ইউনিয়ন পরিষদ, চকরিয়া ও সদস্য, যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন স্থায়ী কমিটি।	০১৭১৬-৯৫৯৬৯৫	
০৬.	জনাব দিদারুল হক সিকদার, চেয়ারম্যান, কোনাখালী ইউপি, চকরিয়া ও সদস্য, যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন স্থায়ী কমিটি।	০১৭১০-৮১৯৯৭৭	
০৭.	জনাব কমল কান্তি পাল, উপজেলা প্রকৌশলী (এলজিইডি), চকরিয়া ও সদস্য-সচিব, যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন স্থায়ী কমিটি।	০১৭০৮-১৬১২৭২	06.07.21